

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটি'র সভা'র কার্যবিবরণী

সভাপতি :	মনীন্দ্র কিশোর মজুমদার যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
স্থান :	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ
তারিখ :	১৮.০৫.২০২২ খ্রিষ্টাব্দ
সময় :	বেলা ১১.০০ টা
উপস্থিতি :	পরিশিষ্ট 'ক'

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এ পর্যায়ে সভাপতি কমিটির সদস্য সচিব ও সিনিয়র সহকারী সচিব (অডিট)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচি-১: সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন

২. আলোচনার প্রারম্ভে সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী গত ০৬ ফেব্রুয়ারি ২০২২ এ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে আরও একটি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

২.১ সিদ্ধান্ত: জুন'২০২২ মাসের ১ম/২য় সপ্তাহে ১টি অবহিতকরণ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সিনিয়র সহকারী সচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

আলোচ্যসূচি-১: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদকরণ

৩. সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত সূচকে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণে বিষয়ে বলা হয়েছে। তিনি আরও জানান যে, বিগত ৩টি কোয়ার্টারে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদ করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে।

৩.১ সিদ্ধান্ত: ২৫ জুন'২০২২ এর মধ্যে সংশ্লিষ্ট শাখা, অধিশাখা ও অনুবিভাগ হতে তথ্য সংগ্রহপূর্বক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি'র হালনাগাদকৃত খসড়া প্রস্তুত করতে হবে।

বাস্তবায়নে: সিনিয়র সহকারী সচিব (অডিট)

আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২২.০৫.২০২২


মনীন্দ্র কিশোর মজুমদার

যুগ্মসচিব (প্রশাসন)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: উপসচিব, সুশাসন অধিশাখা]
২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫. উপসচিব (টোল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৭. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮. সিনিয়র সহকারী সচিব (কার্যক্রম ও এডিপি, অডিট, প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অফিস কপি।



(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ০২-২২৩৩৫৫৫২৮

ই-মেইল : dsaudit@rthd.gov.bd